বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৫৩ তারিখ: ০৬ ফাল্গুন , ১৪২৯ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আগামী ২২-২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে International Organization of Securities Commissions (IOSCO) এর Asia Pacific Regional Committee (APRC) এর ২ দিন ব্যাপী সভা ঢাকা, বাংলাদেশের শেরাটন হোটেলে অনুষ্ঠিত হতে যাচ্ছে। এশিয়া প্যাসিফিক অঞ্চলের বিভিন্ন দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহ নিয়ে গঠিত Asia Pacific Regional Committee (APRC) এর সভা প্রথমবারের মত বাংলাদেশে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সকাল ৯:৩০ থেকে ১২:০০ ঘটিকা পর্যন্ত Supervisory Director Meeting এর মাধ্যমে উক্ত সভা শুরু হবে এবং দুপুর ১:৩০ থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত Enforcement Director Meeting অনুষ্ঠিত হবে। উক্ত দুইটি সভার সভাপতিত্ব করবেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) এবং IOSCO- Asia Pacific Regional Committee (APRC) এর সম্মানিত ভাইস চেয়ার অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। ২৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে সকাল ৯:০০ থেকে ৪:০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিতব্য APRC Plenary সভার মাধ্যমে আলোচ্য সভা শেষ হবে।

উক্ত সভায় অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, সিঙ্গাপুর, হংকং, জাপান, ভারত, মালয়েশিয়া, থাইল্যান্ড, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, পাকিস্তান, নেপাল সহ এশিয়া প্যাসিফিক অঞ্চলের অন্যান্য দেশের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহের উর্ধতন কর্মকর্তাসহ তাদের প্রতিনিধিগণ উপস্থিত থাকবেন। এছাড়া উক্ত সভায় সারা বিশ্বের পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থাসমূহ নিয়ে গঠিত প্রতিষ্ঠান International Organization of Securities Commissions (IOSCO) এর সচিবালয়, স্পেন এর প্রতিনিধিগণ উপস্থিত থাকবেন।

উক্ত সভায় এশিয়া-প্যাসিফিক অঞ্চলের বিভিন্ন দেশের পুঁজিবাজার সংক্রান্ত বিভিন্ন আইন-কানুন, বিধিমালা, চলমান পরিস্থিতি, ঝুঁকি, সমস্যা ও তা থেকে উত্তরণের উপায় সহ পুঁজিবাজারের সার্বিক উন্নতির বিষয়ে আলোচনা হবে।

আন্তর্জাতিক পর্যায়ে গুরুত্বপূর্ণ এই সভা আয়োজনের মাধ্যমে দেশ এবং দেশের পুঁজিবাজার আন্তর্জাতিক অঙ্গনে আরো পরিচিত হবে এবং বিদেশী বিনিয়োগকারীদের আগ্রহ ও আস্থা বৃদ্ধি পাবে মর্মে আশা করা যাচ্ছে। আন্তর্জাতিক পুঁজিবাজার এর নীতিনির্ধারণে বাংলাদেশের অংশগ্রহণ বৃদ্ধি, সংশ্লিষ্ট আইন কানুনের সাথে সমন্বয় করে দেশের পুঁজিবাজার উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ, বৈদেশিক বিনিয়োগ এবং সহযোগিতা বৃদ্ধি, এশিয়া-প্যাসিফিক অঞ্চলের অন্যান্য দেশের সাথে সম্পর্কের উন্নয়ন ও সহযোগিতা বৃদ্ধি সহ দেশের পুঁজিবাজারের সার্বিক উন্নতিতে এই সভা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

19-02-2023
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd